

প্রাথমিক সমাপনী

# পরীক্ষার্থীর সংখ্যা সারাদেশে কমলেও না'গঞ্জে বেড়েছে

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা , মঙ্গলবার, ২০ নভেম্বর ২০১৮

প্রাথমিক শিক্ষা  
সমাপনী পরীক্ষায়  
গত বছরের  
তুলনায় এবার  
পরীক্ষার্থীর সংখ্যা  
সারাদেশে  
কমলেও  
নারায়ণগঞ্জ  
জেলায় পরীক্ষার্থী  
বেড়েছে। এবার  
নারায়ণগঞ্জ  
জেলায় মোট  
পরীক্ষার্থী ৫১



প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায়  
নারায়ণগঞ্জের হোদনাইল উচ্চ বিদ্যালয়  
কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে ছাত্রছাত্রীরা।  
নারায়ণগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা  
কমকতা অহিদ্র কুমার মন্ডল কেন্দ্রের  
পরীক্ষা গ্রহণ কার্যক্রম পরিদর্শন করেন -  
সংবাদ

হাজার ৬১০ জন। গত বছর সমাপনী পরীক্ষায়  
অংশ নিয়েছিল ছিল ৫০ হাজার ৮২১ জন।  
পরীক্ষার্থী বেড়েছে ৭৮৯ জন। এছাড়াও এ বছর  
নারায়ণগঞ্জে ছাত্রদের তুলনায় ছাত্রীদের  
অংশগ্রহণ বেশি। এবার পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র  
২৩ হাজার ৮২০ জন এবং ছাত্রী ২৭ হাজার ৭৯০  
জন। ২০১৭ সালে পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ছিল

২৩ হাজার ৪০৩ জন এবং ছাত্রী ছিল ২৭ হাজার ৪১৮ জন।

গত ১৮ নভেম্বর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হয়েছে, শেষ হবে ২৬ নভেম্বর। এবার সারাদেশে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশ নিয়েছে ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন। গত বছর অংশ নিয়েছিল ২৮ লাখ ৬ হাজার ৯৬ জন। এ বছর পরীক্ষার্থী কমেছে ২৮ হাজার ৮২৬ জন। এবার পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ১২ লাখ ৭৮ হাজার ৭৪২ জন এবং ছাত্রী সংখ্যা ১৪ লাখ ৯৮ হাজার ৫২৮ জন। এবার প্রাথমিক সমাপনীতে নারায়ণগঞ্জে মোট পরীক্ষার্থীর মধ্যে অনুপস্থিত রয়েছে তিন হাজার ১১৬ জন, যার মধ্যে ছাত্র এক হাজার ৬৩৮ জন এবং ছাত্রী এক হাজার ৪৭৮ জন।

নারায়ণগঞ্জের জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অহিন্দ্র কুমার মন্ডল সংবাদকে বলেন, নারায়ণগঞ্জ অর্থনৈতিকভাবে একটু বেশি উন্নত হওয়ায় এখানে শিক্ষার প্রতি সাধারণ মানুষের আগ্রহ বেশি, স্কুলে ভর্তির হারও বেশি। এ জেলায় শিক্ষার্থী ঝড়ে পড়ার সংখ্যাও কম। এছাড়াও এখানে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, স্কুলের শিক্ষক এবং অভিভাবকদের সচেতনতার কারণে বেশিসংখ্যক শিক্ষার্থী প্রাথমিক শিক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত স্কুল ত্যাগ করে না।